সংবাদ

তারিখ 09 JAN 2008
পৃষ্ঠা 2 কলাম ৬

৬১ মিথুন

একদিনের বেতন কর্তন

# ঘূর্ণিদুর্গত শরণখোলার শিক্ষক-কর্মচারীরা হতবাক

প্রতিনিধি, শরণখোলা

সিডরদুর্গত শরণখোলা উপজেলার বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের ১ দিনের বেতনের টাকা কেটে রাখায় তারা হতবাক হয়েছেন।

গতকাল সোনালী ব্যাংকের স্থানীয় শাখায় বেতন তুলতে গিয়ে এমপিওর কপি দেখে তারা এ খবর জানতে পারেন। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের গত ডিসেম্বরের বেতনের অংশ থেকে ওই টাকা কেটে নেয়া হয়।

এ বিষয়ে উপজেলার ধান সাগর আলিম মাদ্রাসার অধ্যক্ষ আ. ছালাম জানান, সিডরে উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলোর পাশাপাশি শিক্ষক-কর্মচারীরা ও ক্ষতির সম্মুখীন হয়েছে। তার পরও বেতনের টাকা থেকে ১ দিনের টাকা কেটে রাখা যেন মড়ার উপর খাঁড়ার ঘা বলে তিনি মন্তব্য করেন।